

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.১০৭.১৮.০০৩.২২-৪৫৮


তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩২
০২ মার্চ ২০২৬

বিষয়: কর্মকর্তা-কর্মচারীগণের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান

সূত্র: অত্র কার্যালয়ের ২০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ৩৮.০১.০০০০.১০৭.১৮.০০৩.২২-৩৬৩ নম্বর স্মারক

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণকে কর্মস্থলে আগমন ও প্রস্থানের জন্য নির্ধারিত অফিস সময়সূচি মেনে চলার জন্য সূত্রোক্ত স্মারকে অনুরোধ করা হয়েছিল। কিন্তু অধিদপ্তরে স্থাপিত ক্লোজ সার্কিট ক্যামেরায় ধারণকৃত ভিডিও পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, অনেক কর্মকর্তা-কর্মচারী বিলম্বে কর্মস্থলে আগমন করছেন।

২। বর্ণিতাবস্থায়, কর্মস্থলে যথাসময়ে আগমন ও প্রস্থানে নির্ধারিত সময়সূচি যথাযথভাবে অনুসরণের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলো। যথোপযুক্ত কারণ ও যথাযথ কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতীত অফিসে বিলম্বে আগমন ও নির্ধারিত সময়ের পূর্বে কর্মস্থল ত্যাগের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণের বিরুদ্ধে বিধিমোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। নিজ নিজ বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণের কর্মস্থলে যথাসময়ে আগমন ও প্রস্থানের বিষয়টি নিজ নিজ লাইন ডিভিশনের পরিচালকগণ নিশ্চিত করবেন।



রাজা মুহম্মদ আব্দুল হাই
অতিরিক্ত মহাপরিচালক
ফোন: ০২-৫৫০৭৪৯৬৮
adgdpe@gmail.com

বিতরণ:

১. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
২. জনাব প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা

সদয় অবগতির জন্য :

১. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি ৪) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি ৪) মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. অফিস কপি